



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

বকশিবাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd

নং-৫৭.১৬.০০০০.০১৪.৩২.০০৬.৮৪. ০৬

তারিখ: ০৭ ভাদ্র ১৪৩১
২২ আগস্ট ২০২৪

অফিস আদেশ

শিক্ষা মন্ত্রণালয়ের ১৫/০৭/২০২৪ তারিখের ৫৭.০০.০০০০.০৫৬.৪৭.০০১.২২(খন্ড-৩).৯২ সংখ্যক পত্র মোতাবেক শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব আয় হতে শিক্ষক ও কর্মচারীগণের বেতন ভাতা সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক বহন করা হবে এবং এমপিও দাবী করা হবে না মর্মে মাদ্রাসা কর্তৃপক্ষ অঙ্গীকারনামা জমা দেয়ার পরিশ্রেক্ষিতে সিলেট জেলার কানাইঘাট উপজেলাধীন সড়কের বাজার ডাকঘরের অন্তর্গত সড়কের বাজার আহমদিয়া আলিম মাদ্রাসায় ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষ হতে আলিম স্তরে বিজ্ঞান বিভাগ (পদার্থ বিজ্ঞান, রসায়ন বিজ্ঞান, জীববিজ্ঞান, উচ্চতর গণিত) খোলার অনুমতি নিম্নবর্ণিত শর্তে প্রদান করা হলো। আসন সংখ্যা- ১০০টি। মাদরাসার কোড: 18773, EIIN: 130380.

পালনীয় শর্তাবলী:

১. শিক্ষা মন্ত্রণালয় আরোপিত সকল শর্ত যথাযথভাবে পালন করতে হবে।
২. প্রতিটি মাদ্রাসায় বিজ্ঞানাগার ও প্রয়োজনীয় যন্ত্রপাতি থাকতে হবে।
৩. বিধি মোতাবেক সকল পদে নিবন্ধনকৃত শিক্ষক নিয়োগ করতে হবে।
৪. আলিম বিজ্ঞান বিভাগসহ প্রত্যেক শ্রেণিতে ছাত্র/ছাত্রীর সংখ্যা বৃদ্ধি করতে হবে।
৫. আলিম বিজ্ঞান বিভাগের চূড়ান্ত পরীক্ষার ফলাফল গুণগত ও সংখ্যগত দিক দিয়ে সন্তোষজনক হতে হবে।
৬. বিজ্ঞান বিভাগের জন্য পৃথক পৃথক পাকা বিজ্ঞানাগার নির্মাণ করতে হবে।
৭. মাদ্রাসার লাইব্রেরির জন্য আরও ৫,০০০/- টাকার বিজ্ঞান বিষয়ের বই ক্রয় করতে হবে।
৮. বিজ্ঞান বিভাগের জন্য আরও ১০,০০০/- টাকার বৈজ্ঞানিক যন্ত্রপাতি/রসায়নিক দ্রব্যাদি ক্রয় করতে হবে।
৯. বিজ্ঞান বিভাগের ছাত্র/ছাত্রীর সংখ্যা কমপক্ষে ৪০ জনে উন্নীত করতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

মোহাম্মদ নাছিমুল ইসলাম
মাদ্রাসা পরিদর্শক

ফোন: ০২-৫৮৬১০২০০

ই-মেইল: inspector@bmeb.gov.bd

অধ্যক্ষ

সড়কের বাজার আহমদিয়া আলিম মাদ্রাসা

ডাকঘর: সড়কের বাজার, উপজেলা: কানাইঘাট, জেলা: সিলেট।

নং-৫৭.১৬.০০০০.০১৪.৩২.০০৬.৮৪. ০৬

তারিখ: ০৭ ভাদ্র ১৪৩১
২২ আগস্ট ২০২৪

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

১. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস, নিউ বেইলি রোড, ঢাকা।
৩. রেজিস্ট্রার/পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৪. সিনিয়র সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৫. প্রোগ্রামার (আইসিটি সেল), বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ সহ)।
৬. উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
ঢাকা/ময়মনসিংহ/রাজশাহী/রংপুর/চট্টগ্রাম/কুমিল্লা/খুলনা/বরিশাল/সিলেট অঞ্চল।
৭. জেলা প্রশাসক, সিলেট।
৮. উপজেলা নির্বাহী অফিসার, কানাইঘাট, সিলেট।
৯. জেলা শিক্ষা অফিসার, সিলেট।
১০. অফিস কপি।

মোঃ আকরাম হোসেন

উপ-পরিদর্শক-১

ফোন: ০২-২২৩৩৬৭০১৬

ই-মেইল: dyinspector1@bmeb.gov.bd